যুগান্তর

তারিখ 25 MAR 2009
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭

# মাধ্যমিক স্কুলের শিক্ষকদের চাকরি স্থায়ীকরণে উদ্যোগ নিয়েছে সরকার

যুগান্তর রিপোর্ট

মাধ্যমিক পর্যায়ের সরকারি স্কুলের শিক্ষক-কর্মচারীদের চাকরি স্থায়ীকরণের বিশেষ উদ্যোগ নিয়েছে সরকার। বিভিন্ন সময় রাজনৈতিক বিবেচনায় এসব স্কুল জাতীয়করণ হলেও এখানে কর্মরত প্রায় তিন হাজার প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক এবং কর্মচারীদের চাকরি স্থায়ীকরণ হয়নি। সূত্র জানায়, প্রায় দু'দশক পর মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) উদ্যোগে তাদের চাকরি স্থায়ীকরণের প্রক্রিয়া শুরু হয়েছে। সূত্র জানায়, মাউশি থেকে গত সপ্তাহে প্রেরিত এক পত্রে উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। সূত্র জানায়, দেশের ৩১৭টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে এখন পর্যন্ত ১৪২টি স্কুলে কর্মরত প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক এবং কর্মচারীদের চাকরি স্থায়ীকরণ হয়নি। দীর্ঘদিন ধরেই তারা সরকার থেকে তাদের বেতন-ভাতা আদায় করলেও তাদের চাকরির স্থায়ীকরণ সংক্রান্ত কোন আদেশ জারি করা হয়নি